গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২০.৮২

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৭
০৮ জুলাই ২০২০

**পরিপত্র**

বিষয়: ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা জারি।

সরকার ২০১২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-ক, সংযুক্তি-খ, সংযুক্তি-গ, সংযুক্তি-ঘ, সংযুক্তি-ঙ, সংযুক্তি-চ) ।

২| এ নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি ও প্রমাণক, গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত ছক অন্তর্ভুক্ত রয়েছে; যা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের (www.cabinet.gov.bd) শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ করা হয়েছে।

৩| ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য প্রণীত নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে;

খ) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

Sultana
৮-৭-২০২০
নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ:
১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
২) সচিব (সকল)
৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), এনজিও বিষয়ক ব্যুরো
৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৭) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ